

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৪৪৮৯(আগরতলা, ৭।৩)
উদয়পুর, ৭ মার্চ, ২০১৯

১০ মার্চ গোমতী জেলায় জাতীয় টিকাকরণ কর্মসূচি

গোমতী জেলার জেলাশাসক টি কে দেবনাথের সভাপতিত্বে সম্প্রতি জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে গোমতী জেলা ভিত্তিক টাস্ক ফোর্স কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত হয়, আগামী ১০ মার্চ শিলাছড়ি এ ডি সি ভিলেজের মথু মগ অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গোমতী জেলাভিত্তিক জাতীয় টিকাকরণ দিবসের তথা পালস পোলিও টিকাকরণের সূচনা হবে। ঐ দিন জেলার ৪৩৭টি বুথে ০-৫ বছর বয়সী শিশুদের পালস পোলিও টিকা দেওয়া হবে। তারপর ১১ ও ১২ মার্চ স্বাস্থ্যকর্মী, আশাকর্মী, অঙ্গনওয়াড়ি কর্মীরা বাড়ি বাড়ি গিয়ে বাদ পড়ে যাওয়া শিশুদের এই টিকা দেবেন। গোমতী জেলায় এ বছর ৪০৩২৮ জনকে পালস পোলিও টিকা দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। ঐ দিনের সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সি এম ও ডা. নীরোমোহন জমাতিয়া সহ বিভিন্ন দপ্তরের প্রতিনিধিবৃন্দ।
